"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার,ঢাকা-১২১৫।

স্মারক নং- পপঅ/প্রশা-১/৩য়-৪র্থ/নিয়োগ-২৬৫/২০১৫/ ২৬০৮

তারিখ : ০৫ ভাদ্র, ১৪২৬ / ২০ আগস্ট, ২০১৯

## নিয়োগপত্র

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬ নং পরিপত্র এর আলোকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৪.০৫.২০১৫ তারিখের ৪৫.১৬৯.০১১.০০.০০.০২০.২০১৪-১৬৩ নং স্মারকে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৯.০১.২০১৭ তারিখের ৪৫.১৬৯.০১১.০০.০০.০২০.২০১৪-১২ নং স্মারকে ছাড়পত্রের মেয়াদ ৩১.১২.২০১৭ পর্যন্ত বর্ধিত করা হয়। পরবর্তীতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ২৪.০৬.২০১৮ তারিখের ৫৯.০০.০০০০. ১১০.১১.০১৪.১৭-২৩৩ নং স্মারকে জনবল নিয়োগের ছাড়পত্রের মেয়াদ ৩০.০৬.২০১৯ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয় এবং ৩০.০৬.২০১৯ তারিখের ৫৯.০০.০০০০. ১১০.১১.০১৫.১৭-২০৮ নং স্মারকে ছাড়পত্রের মেয়াদ ৩০.০৬.২০২০ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়।

২। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ০৪.০৫.২০১৫ তারিখের পপঅ/প্রশা-১/নিয়োগ-২৬৮/২০১৫/১০২৬ নং স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হয়। পরবর্তীতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ পূর্বক নিয়োগ/ বাছাই কমিটির (DPC) সুপারিশক্রমে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের ফলাফল ১০/০১/২০১৯ তারিখে প্রকাশিত হয়। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের মধ্য থেকে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ১০/০৬/২০১৯ তারিখের ৫৯.০০.০০০০.১১০.৯৯.০০৩.১৭-১৮৫ নং স্মারকে মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত নিম্নবর্ণিত ১১ (এগার) জন প্রার্থীর মুক্তিযোদ্ধা সনদের যাচাইকৃত প্রতিবেদনের সঠিকতার ভিত্তিতে নিয়োগের সুপারিশ প্রদান করায় **"এমএলএসএস/নিরাপত্তা প্রহরী"** পদে জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ২০তম গ্রেড ৮২৫০-২০০১০/- টাকা বেতনক্রমে রাজস্বখাতে অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তস্বাপেক্ষে শূন্য পদে নিয়োগ প্রদান করা হ'ল:-

| ক্রঃ নং | রোল নম্বর | নাম, পিতা / স্বামীর নাম | স্থায়ী ঠিকানা | যোগদানের স্থান |
|---|---|---|---|---|
| ১. | ১৫৫১৮০৫২ | মোঃ রেজওয়ান হোসেন<br>পিতা: মোঃ আব্দুল হামিদ | গ্রাম: কোচকুড়ী, ডাকঘর: নশরতপুর<br>উপজেলা: আদমদীঘি, জেলা:বগুড়া। | খানপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, শেরপুর, বগুড়া। |
| ২. | ১৫৫১৮৮৪০ | চাম্পা খাতুন<br>পিতা: মোঃ নজের আলী | গ্রাম: অনুপমপুর, ডাকঘর: চারঘাট<br>উপজেলা: চারঘাট, জেলা: রাজশাহী। | মনিগ্রাম ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, বাঘা, রাজশাহী। |
| ৩. | ১৫৫১৮৮৬৮ | মোঃ হেলাল খান<br>পিতা: মোঃ ইউনুছ আলী খান | গ্রাম: পারকুশলী, ডাকঘর: বর্ণি<br>উপজেলা: সদর, জেলা: গোপালগঞ্জ। | ননীক্ষীর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, মোকসেদপুর, গোপালগঞ্জ। |
| ৪. | ১৫৫১৯৪১২ | মোঃ জাহাঙ্গীর কবির<br>পিতা: মোঃ সিরাজুল ইসলাম | গ্রাম: লেবুতলা, ডাকঘর: লেবুতলা<br>উপজেলা: সদর, জেলা: যশোর। | দোহাকুলা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, বাঘারপাড়া, যশোর। |
| ৫. | ১৫৫১৯৪৯৪ | মোঃ আহসান হাবিব<br>পিতা: আব্দুল হাকিম আকন্দ | গ্রাম: শিকারপাড়া, ডাকঘর: বালাবাড়ী হাট<br>উপজেলা: চিলমারী, জেলা: কুড়িগ্রাম। | ভাংগামোড় ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| ৬. | ১৫৫১৯৫০৬ | মোঃ আব্দুল কাদের জিলানী<br>পিতা: নেওয়াজ আলী | গ্রাম: চুড়খাই, ডাকঘর: চুড়খাই বাজার<br>উপজেলা: সদর, জেলা: ময়মনসিংহ। | রামপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ফুলপুর,ময়মনসিংহ। |
| ৭. | ১৫৫২২৫৮৪ | উৎপল কুমার রায়<br>পিতা: রনজিৎ কুমার রায় | গ্রাম: দুবলিয়া, ডাকঘর: গোয়ালডিহি<br>উপজেলা: খানসামা, জেলা: দিনাজপুর। | মাহমুদপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, নবাবগঞ্জ, দিনাজপুর। |
| ৮. | ১৫৫২৩৫৫৭ | অসীম আহমেদ বাবু<br>পিতা: মুসলিম উদ্দিন আহমেদ | গ্রাম: বামনগাঁও, ডাকঘর: হাটগোবিন্দপুর<br>উপজেলা: কলমাকান্দা, জেলা: নেত্রকোনা। | চাকুয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, খালিয়াজুরী, নেত্রকোণা। |
| ৯. | ১৫৫২৩৭৩৫ | মোঃ জামাল হোসেন (বাবু)<br>পিতা: সিরাজুল ইসলাম | গ্রাম: ভাটপাড়া, ডাকঘর: মান্দারবাড়িয়া<br>উপজেলা: মহেশপুর, জেলা: ঝিনাইদহ। | কাচেরকোল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, শৈলকুপা, ঝিনাইদহ। |
| ১০. | ১৫৫২৫৬৭৫ | মোঃ আব্দুর রহিম<br>পিতা: মোঃ আতাউর রহমান | গ্রাম: সন্যাসী পাড়া, ডাকঘর: হাড়িভাসা<br>উপজেলা: সদর, জেলা: পঞ্চগড়। | বড়শশী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, বোদা, পঞ্চগড়। |
| ১১. | ১৫৫২৮৫১৪ | সৈয়দা রোকসানা সুলতানা<br>পিতা: সৈয়দ আহমেদ মোস্তফা | গ্রাম: ডাসার, ডাকঘর: ডাসার<br>উপজেলা: কালকিনি, জেলা: মাদারীপুর। | শিকারমঙ্গল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, কালকিনি, মাদারীপুর। |

চলমান পাতা-০২

শর্তাবলী ঃ

১। তাঁর নিজের ব্যবস্থাধীনে সংশ্লিষ্ট সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে প্রদত্ত সনদপত্র চাকুরীতে যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রতীয়মান হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

২। যোগদানের সময় ০৪(চার) সেট পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণপূর্বক যোগদানপত্র গ্রহণকারী কর্তকর্তার নিকট দাখিল করতে হবে। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট না পাওয়া পর্যন্ত বার্ষিক বর্ধিত বেতন মঞ্জুর এবং চাকরি স্থায়ী করা হবে না।

৩। চারিত্রিক ও পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৪। যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য তিনি শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাকে চাকরি থেকে বরখাস্ত করতে পারবেন।

৫। চাকরিতে যোগদানের সময় তাঁর শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।

৬। সরকারি নিয়ম অনুযায়ী সময় সময় যে সকল পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে, সে সকল পরীক্ষা ও প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।

৭। স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন গড়মিল প্রমাণিত হলে কিংবা কোন অসত্য তথ্য প্রদান করে নিয়োগ প্রাপ্ত হয়েছেন মর্মে প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৮। নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৯। তাঁর চাকরি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন যে কোন প্রতিষ্ঠানে বদলিযোগ্য।

১০। পদায়নকৃত কর্মস্থলে কমপক্ষে ০২ (দুই) বছর চাকরি করতে হবে। উক্ত সময়ের পূর্বে বদলির যে কোন তদবির সন্তোষজনক চাকরির পরিপন্থি হিসেবে বিবেচিত হবে যা ০৪ (চার) নম্বর শর্তের সাথে সম্পৃক্ত।

১১। উপর্যুক্ত শর্তাবলীর আওতায় এ নিয়োগপত্র গ্রহণে সম্মত থাকলে আগামী ০৮/০৯/২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলের সংশ্লিষ্ট মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। উক্ত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে আবশ্যিকভাবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১২। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ০৪/০৫/২০১৫ তারিখের পপঅ/প্রশা-১/নিয়োগ-২৬৮/২০১৫/১০২৬ নম্বর স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক নিয়োগ প্রক্রিয়া আরম্ভ করা হয়। Ministry of Cabinet Affairs, Establishment Division Section-ED/JV এর ২১/১২/১৯৭৪ তারিখের ED/JV-৩৪/৭৪-২০ নম্বর স্মারক মোতাবেক "নিয়োগ প্রক্রিয়ায় বিলম্বের কারণে চাকরিতে যোগদান/প্রবেশের তারিখে অতিরিক্ত বয়স প্রমার্জিত বলে গণ্য হবে"।

১৩। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন নির্ধারিত রাজস্ব বাজেট বরাদ্দ হতে বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

১৪। চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে।

২০/৮/২০১৯

(মোঃ হেমায়েৎ হুসেন)
যুগ্মসচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
এবং
পরিচালক (প্রশাসন)।

স্মারক নং- পপঅ/প্রশা-১/৩য়-৪র্থ/নিয়োগ-২৬৫/২০১৫/২৬০৬/২(৯৫০) তারিখ ঃ ০৫ ভাদ্র, ১৪২৬ / ২০ আগস্ট, ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল ঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ইনস্টিটিউট (নিপোর্ট), আজিমপুর, ঢাকা।

৩। পরিচালক/ লাইন ডাইরেক্টর (সকল) ---------------------------------------------------------------- এ অধিদপ্তর।

৪। পরিচালক, পরিবার পরিকল্পনা, ..........................................................বিভাগ।

৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব মহানিয়ন্ত্রক ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

৬। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল) -------------------------------------------- জেলা।

৭। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয় (সকল) ---------------------------------------------- জেলা।

৮। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), --------------------জেলা। আপনার জেলায় নবযোগদানকৃত কর্মচারীদের পুলিশ ভেরিফিকেশন কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক প্রতিবেদন প্রাপ্তির পর উক্ত প্রতিবেদনের এক কপি পরিচালক(প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চলমান পাতা-০৩

৯। সিনিয়র এসাইনমেন্ট অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়, সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ, টিম-১০ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, ---------------------------------------- বিভাগ।
১১। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ---------------------------------------------------------------- জেলা।
১২। মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ....................................................জেলা ।
১৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা ......................................... জেলা ............................... ।
১৪। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ........................................... জেলা ..................................... ।
১৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)/, ..........................................উপজেলা ..........................................................জেলা। যোগদানপত্র গ্রহণের পর ০৩ (তিন) কপি পুলিশ ভ্যারিফিকেশন ফরম প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট উপপরিচালক, পরিবার পরিকল্পনা এর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,.......................................... উপজেলা, ..........................................জেলা ।
১৭। বৈশাখী চৌধুরী, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
১৯। জনাব/বেগম ..........................................................................................................................

পিতা/ স্বামীর নাম ..........................................................................................................

গ্রাম- ............................................................ডাকঘর- ........................................................

উপজেলা- ...................................................... জেলা- ...................................................... ।

২০। অফিস কপি।

২০।০৮।২০২১

( মোঃ ইফতেখার রহমান )
উপপরিচালক (পার্সোনেল)
ফোন ঃ ০২-৫৮১৫৬৬৮৬।